

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.১৫.০৫.০০৫.২০১১- ৩৪

তারিখঃ ০৩/০১/২০১৬খ্রিঃ।

বিষয়ঃ ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান পদের শূন্য আসনে উপ-নির্বাচন বিষয়ে মতামত প্রসঙ্গে।


- সূত্র : ১. নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.১০.০০০.০৭৯.৪০.০০২.১৫ (অংশ-১)-১৭৪, তাং-০৪/১০/২০১৫খ্রিঃ
২. আইন ও বিচার বিভাগের স্মারক নং-১০.০০.০০০০.১২৯.০৪.৫২৯.১৫-৪৬৩, তাং-০১/১২/২০১৫খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যানের শূন্য আসনে উপ-নির্বাচন করার জন্য নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ায় এবং উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ৭১ এবং ৭২ অনুযায়ী পরবর্তী করণীয় সম্পর্কে আইন ও বিচার বিভাগ হতে প্রাপ্ত মতামত নিম্নরূপ :

'আইনগত অস্পষ্টতা দূরীকরণের জন্য সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুযোগ রয়েছে এবং সাধারণ নির্বাচনের ক্ষেত্রে মেয়াদ অতিক্রান্ত হওয়ার পর নির্বাচন অনুষ্ঠানের বিধান ১৭(ক)/১৭(খ) ধারায় উল্লেখ রয়েছে। সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান এর অপসারণের পর নির্ধারিত সময় সীমার মধ্যে নির্বাচন অনুষ্ঠিত না হওয়ায় উভয় বিধানের আলোকে সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে তারিখ নির্ধারণের সুযোগ রয়েছে। সে অনুযায়ী নির্বাচন কমিশন পরবর্তী করণীয় নির্ধারণ করতে পারে।'

এমতাবস্থায়, আইন ও বিচার বিভাগ হতে প্রাপ্ত মতামত এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে


(লুৎফুল নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়,
শেরে বাংলা নগর, ঢাকা।

দৃঃ আঃ- সহকারী সচিব (নিঃ ব্যঃ ও সঃ-২)

অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, ঢাকা।
২. উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।